বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
অতিরিক্ত প্রধান প্রকৌশল (পুর), প্রশিক্ষন ও মানব সম্পদ উন্নয়ন
এর দপ্তর
পানি ভবন, ৭২,গ্রীন রোড, ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

**নম্বর:** ৪২.০১.০০০০.০২৮.০৬.০০১.২১.৩৪৯

তারিখ: ১৬ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ
০১ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

**বিজ্ঞপ্তি/নোটিশ**

বিষয়: **২০২৩-২৪ অর্থবছরের বাপাউবো'র সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) বিষয়ক পরিবীক্ষণ কমিটির ২য় ত্রৈমাসিক সভার বিজ্ঞপ্তি।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের "সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) বিষয়ক পরিবীক্ষন কমিটি " এর ২০২৩-২৪ অর্থ-বছরের ২য় ত্রৈমাসিক বৈঠক আগামী ২/১১/২০২৩ খ্রিঃ রোজ বৃহস্পতিবার সকাল ১০.৩০ ঘটিকায় অতিঃ প্রধান প্রকৌশলী (পুর), প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন মহোদয়ের কক্ষে (পানি ভবন, লেভেল-১, রুম-১০৭) অনুষ্ঠিত হবে। এতে সভাপতিত্ব করবেন উক্ত কমিটির আহ্বায়ক জনাব মোঃ ওয়াহিদ হোসেন; অতিঃ প্রধান প্রকৌশলী (পুর), প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন এর দপ্তর, বাপাউবো, ঢাকা এবং ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বাপাউবো সেবা প্রদান প্রতিশ্রুতি। সঞ্চালনা করবেন কমিটির সদস্য-সচিব জনাব আবু সালে মোহাম্মদ তোফায়েল চৌধুরী; নির্বাহী প্রকৌশলী (পুর), প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন, বাপাউবো, ঢাকা।

উক্ত পরিবীক্ষন কমিটির কর্মকর্তাদের যথাসময়ে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হলো।

<u>সভার আলোচ্যসূচিঃ</u>

০১. বাপাউবো'র সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) হালনাগাদকরন।
০২. বিবিধ।

০১-১১-২০২৩
মোঃ ওয়াহিদ হোসেন
অতিরিক্ত প্রধান প্রকৌশলী

**বিতরণ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক (বোর্ড), বোর্ড সচিবালয়, বাপাউবো, ঢাকা এবং বিকল্প ফোকাল পয়েন্ট, বাপাউবো সেবা প্রদান প্রতিশ্রুতি;
২। সিএসও টু মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাপাউবো ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য);
৩। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা ( বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েবসাইটের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক সেবা বক্সে আপলোডের জন্য অনুরোধ জানানো হলো);
৪। নির্বাহী প্রকৌশলী (পুর), প্রসেসিং পরিদপ্তর, বাপাউবো, ঢাকা এবং কমিটির সদস্য এবং
৫। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাপাউবো, ঢাকা।

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
অতিরিক্ত প্রধান প্রকৌশল (পুর), প্রশিক্ষন ও মানব সম্পদ উন্নয়ন
এর দপ্তর
পানি ভবন, ৭২,গ্রীন রোড, ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

**বিগত ২ নভেম্বর ২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ২০২৩-২৪ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর/২৩) সভার কার্যবিবরণী**

---

| | |
|---|---|
| সভাপতি | মোঃ ওয়াহিদ হোসেন<br>অতিরিক্ত প্রধান প্রকৌশলী |
| সভার তারিখ | **২ নভেম্বর, ২০২৩ খ্রিঃ।** |
| সভার সময় | **সকাল ১০.৩০ ঘটিকা।** |
| স্থান | পানি ভবন, লেভেল ১, রুম নং-১০৭ |
| উপস্থিতি | সংযুক্তি ১ সদয় দ্রস্টব্য। |

সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার উপস্থিতি বিবেচ্য সংযুক্তি: Attendance on 2 november .pdf, সদয় দ্রষ্টব্য। সভার শুরুতে সভাপতি মহোদয় বাপাউবো'র সিটিজেন চার্টারে বর্ণিত সেবাসমূহের বিষয়ে আলোকপাত করেন এবং মন্ত্রীপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২৩-২০২৪ এ অত্র অর্থ-বছরের জন্য বর্ণিত কার্যক্রমের ব্যাপারে মতামত উপস্থাপন করেন। অতঃপর কমিটির সদস্য, জনাব সৌরভ কুমার দাস, নির্বাহী প্রকৌশলী (পুর) (চঃদাঃ) বাপাউবো'র সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) হালনাগাদকরণের ব্যাপারে তাঁর বক্তব্য উপস্থাপন করেন। এসময়ে তিনি উল্লেখ করেন যে, বাপাউবো'র সেবা প্রদান প্রতিশ্রুতির ১০ নং নাগরিক সেবা (বাপাউবো'র প্রধান তথ্য প্রদানকারী কর্মকর্তা হিসেবে তথ্য প্রদান) এর সেবা প্রদানের সময়সীমা তথ্য অধিকার আইন ২০০৯ অনুযায়ী সামঞ্জস্যপূর্ণ নয়। তিনি এই সেবাটির সেবা প্রদানের সময়সীমা হালনাগাদকরনের বিষয়ে গুরুত্বারোপ করেন। অতঃপর সভাপতি মহোদয় বাপাউবো'র সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) তে দায়িত্বপ্রাপ্ত দপ্তরসমূহ সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী সেবা প্রদান করছে কি না তা পরিবীক্ষনের ব্যাপারে বক্তব্য উপস্থাপন করেন। অত্র কমিটির সদস্য-সচিব জনাব আবু সালে মোহাম্মদ তোফায়েল চৌধুরী, নির্বাহী প্রকৌঃ, প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন, বাপাউবো, ঢাকা মহোদয় বাপাউবো'র নাগরিক সেবার ১০ নং নাগরিক সেবা (বাপাউবো'র প্রধান তথ্য প্রদানকারী কর্মকর্তা হিসেবে তথ্য প্রদান) এর দায়িত্বপ্রাপ্ত দপ্তর সেবা প্রদান প্রতিশ্রুতিতে বর্ণিত সময়সীমা অনুযায়ী সেবা প্রদান করছে কি না তা পরিবীক্ষণের বিষয়ে তার মতামত প্রকাশ করেন। কমিটির সকল সদস্য বিষয়টিতে একমত পোষন করেন। এছাড়া পূর্ববর্তী ত্রৈমাসিকের গৃহীত কার্যক্রমের অণুসরন ও অগ্রগতি বিষয়ে সভায় আলোচনা হয়।

**উল্লিখিত বিষয় সমূহের উপর আলোচনা শেষে সকল সদস্যের সম্মতিক্রমে কমিটি নিম্নবর্ণীত সিদ্ধান্ত গ্রহণ করেঃ**

১। বাপাউবো'র সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) এর ১০ নং নাগরিক সেবা (বাপাউবো'র প্রধান তথ্য প্রদানকারী কর্মকর্তা হিসেবে তথ্য প্রদান) এর সেবা প্রদানের সময়সীমা তথ্য অধিকার আইন ২০০৯ অনুযায়ী হালনাগাদ করতে হবে।

২। বাপাউবো'র সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) এর নাগরিক সেবার অন্তর্ভুক্ত ১০ নং নাগরিক সেবা (বাপাউবো'র প্রধান তথ্য প্রদানকারী কর্মকর্তা হিসেবে তথ্য প্রদান) এর দায়িত্বপ্রাপ্ত দপ্তর সেবা প্রদান প্রতিশ্রুতিতে বর্ণিত নির্দেশনা অনুযায়ী সেবা প্রদান করছে কি না তা পরিবীক্ষণ করতে হবে।

আর কোন আলোচ্যসূচি না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষনা করেন।

০৫-১১-২০২৩
মোঃ ওয়াহিদ হোসেন
অতিরিক্ত প্রধান প্রকৌশলী

তারিখ: ২০ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ
০৫ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

**নম্বর:** ৪২.০১.০০০০.০২৮.০৬.০০১.২১.৩৫০

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক (বোর্ড), বোর্ড সচিবালয়, বাপাউবো, ঢাকা এবং বিকল্প ফোকাল পয়েন্ট, বাপাউবো সেবা প্রদান প্রতিশ্রুতি;

২। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা ( কার্যবিবরনীটি বোর্ডের ওয়েবসাইটে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত সেবাবক্সে আপলোডের জন্য অনুরোধ জানানো হলো);

৩। সিএসও টু মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাপাউবো, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য);

৪। নির্বাহী প্রকৌশলী (পুর), প্রসেসিং পরিদপ্তর, বাপাউবো, ঢাকা এবং কমিটির সদস্য এবং

৫। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।

০৫-১১-২০২৩
মোঃ ওয়াহিদ হোসেন
অতিরিক্ত প্রধান প্রকৌশলী

## "সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) পরিবীক্ষণ কমিটি" এর ২০২৩-২৪ অর্থ বছরের

২য় ত্রৈমাসিক সভা

তারিখঃ ২ নভেম্বর, ২০২৩ ইং।

স্থানঃ অতিঃ প্রধান প্রকৌশলী (পুর), প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন মহোদয়ের কক্ষ (পানি ভবন, লেভেল-১, রুম-১০৭)

### হাজিরা বিবরনী

| নাম ও পদবী | অফিস | স্বাক্ষর |
|---|---|---|
| মোঃ ওয়াহিদ হোসেন<br>অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর)<br>ও<br>ফোকাল পয়েন্ট কর্মকর্তা,<br>বাপাউবো সেবা প্রদান প্রতিশ্রুতি | অতিঃ প্রধান প্রকৌশলী (পুর) এর দপ্তর,<br>প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন<br>বাপাউবো, ঢাকা। | 02/11/23 |
| জনাব সৌরভ কুমার দাস<br>নির্বাহী প্রকৌশলী (পুর) (চঃদাঃ) | প্রসেসিং পরিদপ্তর<br>বাপাউবো, ঢাকা। | 02/11/23 |
| আবু সালে মোহাম্মদ তোফায়েল চৌধুরী<br>নির্বাহী প্রকৌশলী (পুর) | অতিঃ প্রধান প্রকৌশলী (পুর) এর দপ্তর,<br>প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন<br>বাপাউবো, ঢাকা। | 02/11/2023 |